

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৪২৪ বঙ্গাব্দ/ ২০১৮ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং আইন/২০১৮ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন) এর ধারা ২৭ (ধারা ৬ এর সহিত পঠিতব্য,) এ প্রদত্ত ক্ষমতাবলে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমতিক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। শিরোনাম ও প্রবর্তন-

- (১) - এই প্রবিধানমালা সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ নামে অভিহিত হইবে।
- (২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে

২। উদ্দেশ্য।- জ্বালানি দক্ষতা উন্নয়নে যন্ত্রপাতি ও সরঞ্জামাদির কোনো নির্দিষ্ট কার্যসম্পাদনের (Performance) জন্য জ্বালানির দক্ষতার ন্যূনতম মান (Minimum Energy Performance Standard) নির্ধারণ, জ্বালানি দক্ষতা নিরূপণে জ্বালানি সাশ্রয়ী লেবেলিং বাস্তবায়ন, জ্বালানি দক্ষ যন্ত্রপাতি ও সরঞ্জামাদির উৎপাদন এবং আমদানি উৎসাহিতকরণে প্রণোদনা কৌশল (incentive mechanism) প্রণয়ন ও জ্বালানি দক্ষ ও লেবেল যুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়ে জনসচেতনতা সৃষ্টি এই প্রবিধানমালার উদ্দেশ্য।

৩। সংজ্ঞা -

(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

- (অ) “কর্তৃপক্ষ” অর্থ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ
- (আ) “কর্মসূচি” অর্থ লেবেলিং কর্মসূচি
- (ই) “কারিগরি কমিটি” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্যে পূরণকল্পে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কারিগরি কমিটি
- (ঈ) “গড় জ্বালানি ব্যবহার (Average Energy Consumption)” অর্থ দেশীয় বাজারে একটি নির্দিষ্ট যন্ত্র বা সরঞ্জামের বিদ্যমান সকল মডেলের জ্বালানি দক্ষতা বা জ্বালানি ফলপ্রসূতা(Energy Efficacy)-র গড়
- (উ) “জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর” অর্থ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ধারা ১৮ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর
- (ঊ) “জ্বালানি ব্যবহারের চলমান গড় (Moving Average Energy Consumption)” অর্থ কোনো একটি নির্দিষ্ট বছরে একটি কোম্পানি কর্তৃক পূর্ববর্তী বছরে বিক্রয়কৃত লেবেলযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির গড় জ্বালানি দক্ষতার তুলনায় ঐ বছরের বিক্রয়কৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির গড় জ্বালানি দক্ষতার উন্নতির পরিবর্তন।
- (ঋ) “তফসিল” অর্থ এই প্রবিধানমালায় সংযুক্ত টেবিল, চার্ট, ডকুমেন্ট বা পরিশিষ্ট
- (এ) “তালিকাভুক্ত পরীক্ষাগার” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্যে পূরণকল্পে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পরীক্ষাগার
- (ঐ) “দোকান” অর্থ “বাংলাদেশ শ্রম আইন -২০০৬”(২০০৬ সালের ৪২ নম্বর আইন) বা এর সংশোধনী এর অধীন সংজ্ঞায়িত দোকান
- (ও) “বাণিজ্যিক ভবন” অর্থ সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত বাণিজ্যিক কাজে ব্যবহৃত ভবন
- (ঔ) “বাধ্যতামূলক” অর্থ যা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এর অধীনে প্রণীত জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা ২০১৬ এর তফসিল ক এ বাধ্যতামূলক করা হয়েছে
- (ক) “বিডিএস” অর্থ বিএসটিআই কর্তৃক নির্ধারিত বাংলাদেশ স্ট্যান্ডার্ড
- (খ) “বিএসটিআই” অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
- (গ) “বিদ্যুৎ আইন” অর্থ বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ০৭ নং আইন)

- (ঘ) “বিজ্ঞপ্তি” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক এই প্রবিধানমালার আওতায় প্রকাশিত বিজ্ঞপ্তি
- (ঙ) “ব্যবসায়ী প্রতিষ্ঠান” অর্থ সরকারের অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত কোম্পানি বা উৎপাদনকারী বা এসেম্বলার (সংযোজনকারী) বা ব্যবসায়ী বা আমদানীকারক যে বা যারা ৩(১) এর (ক) এ বর্ণিত পণ্য উৎপাদন/বিক্রয়/আমদানী/এসেম্বল করে থাকে এবং যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হবে
- (চ) “ব্যবহারকারী” অর্থ গৃহস্থালী, বানিজ্যিক, শিল্প, কৃষি, পরিবহন খাত বা অন্য কোনো কাজে যেকোনো ধরনের জ্বালানি ব্যবহারকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (ছ) “ব্র্যান্ড” অর্থ কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের ব্যবসায়িক নাম, টার্ম/ স্মারকচিহ্ন (Sign) / প্রতীক (symbol)/ নকশা (Design) কিংবা এই সবগুলির একটি সমন্বিত রূপ যা কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিজস্ব পরিচিতি নির্দেশ করে।
- (জ) “মডেল (Model)” অর্থ কোনো নির্দিষ্ট ব্র্যান্ডের সমপ্রকৃতির বৈশিষ্ট্য ও গঠন সম্পন্ন এবং সুনির্দিষ্ট কর্মক্ষমতা ও জ্বালানি দক্ষতা সম্পন্ন এক বা একাধিক যন্ত্রপাতি বা সরঞ্জামাদি, যার জন্য একটি নির্দিষ্ট পরীক্ষণলব্ধ প্রতিবেদন (Test Report) প্রয়োজ্য হবে।
- (ঞ) “মনিটরিং” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে লেবেলের যথাযথ প্রদর্শন, দৈব চয়নের মাধ্যমে বাজার থেকে প্রথম ও দ্বিতীয় চেক টেস্ট এর লক্ষ্যে নমুনা সংগ্রহ ও পরীক্ষণসহ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য পরিবীক্ষণ কার্যক্রম
- (ট) “মনোনীত প্রতিষ্ঠান” এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে গৃহীত কার্যক্রম সম্পাদনে সহায়তা প্রাপ্তির জন্য প্রয়োজ্য ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত এক বা একাধিক প্রতিষ্ঠান।
- (ঠ) “যন্ত্রপাতি ও সরঞ্জামাদি” অর্থ যন্ত্র অথবা সরঞ্জামাদি অথবা কলকজা অথবা মালামাল এবং অথবা এগুলোর অংশ যা যে কোনো রূপে জ্বালানি ব্যবহার বা সরবরাহ বা সম্প্রচার করে কোনো কাজ বা সেবা প্রদান করে থাকে এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা ২০১৬ এর তফসিল ক তে উল্লেখিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি এর অন্তর্ভুক্ত হবে।
- (ড) “রেফারেল পরীক্ষাগার” অর্থ কর্তৃপক্ষের পরীক্ষাগার বা বিএসটিআই পরীক্ষাগার অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্বাচিত অন্য কোনো এক বা একাধিক এক্রিডিটেড পরীক্ষাগার যেখানে পরীক্ষণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নমুনা প্রেরণ করা হবে
- (ঢ) “লেবেল” অর্থ যন্ত্রপাতি ও সরঞ্জামাদির উপর বা মোড়কে লাগানো জ্বালানি ব্যবহারের মানমাত্রা সম্বলিত তথ্যাদির দৃশ্যমান কোনো লিখিত, মুদ্রিত, চিহ্নিত, স্ট্যাম্পকৃত বিষয় বা গ্রাফিকস
- (ণ) “লেবেলগ্রহীতা” অর্থ কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠান যে বা যারা লেবেলকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি উৎপাদন, আমদানি, বিক্রি বা বিতরণ করে এবং এবং কর্তৃপক্ষ কর্তৃক যন্ত্রপাতি ও সরঞ্জামাদিতে লেবেল প্রদর্শনে অনুমতিপ্রাপ্ত
- (ত) “লেবেল মেয়াদ” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক নতুন লেবেল প্রণীত না হওয়া পর্যন্ত কোনো একটি নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের বিপরীতে প্রদানকৃত লেবেলের বৈধতার মেয়াদ। তবে কর্তৃপক্ষ কর্তৃক নতুন লেবেল প্রণীত হলে এ মেয়াদ পরিবর্তিত হবে।
- (থ) “লেবেলিং ওয়েব পোর্টাল” অর্থ লেবেলিং কর্মসূচি বাস্তবায়নে অনলাইন লেবেল ব্যবস্থাপনা ও তথ্য বিষয়ক ওয়েব পোর্টাল
- (দ) “লেবেলিং গাইডলাইন” অর্থ কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের লেবেলিং স্তর, লেবেল ফি, লেবেল ডিজাইন, লেবেল স্থাপন, লেবেলের আকার, লেবেল স্থাপনের আনুষঙ্গিক শর্তাদি প্রতিপালন সংক্রান্ত বিষয়াদি সম্বলিত গাইডলাইন যা কারিগরি কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ প্রস্তুত করবে।
- (ধ) “সরকার” অর্থ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান
- (ন) “স্ট্যান্ডার্ড” অর্থ কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য বিএসটিআই বা সরকার কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিকভাবে স্বীকৃত এতদসংশ্লিষ্ট মান
- (প) “স্থাপনা” অর্থ এই প্রবিধানামালায় বর্ণিত স্থাপনা
- (ফ) “MEPS” অর্থ কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের কারিগরি চাহিদার মানমাত্রা অনুযায়ী প্রস্তুতকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির কোনো নির্দিষ্ট কার্যসম্পাদনের (Performance) জন্য জ্বালানি দক্ষতার ন্যূনতম মান (Minimum Energy Performance Standard) যার নিম্ন দক্ষতা সম্পন্ন যন্ত্রপাতি বা সরঞ্জামাদি আমদানী/ প্রস্তুত/এসেম্বল/বিক্রয় করা যাবে না।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বিদ্যুৎ আইন, ২০১৮, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রয়োজ্য হইবে।

অধ্যায়- ২
যন্ত্রপাতি ও সরঞ্জামাদির স্ট্যান্ডার্ড এন্ড লেবেলিং কার্যক্রম

- ৪। কর্তৃপক্ষ বিএসটিআই এর কারিগরি সহায়তায় MEPS নির্ধারণ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সময়ে সময়ে সংশোধন করবে
- ৫। কর্তৃপক্ষের অনুরোধক্রমে বিএসটিআই যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পরীক্ষা ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণ এবং পরীক্ষণ সুবিধা সৃষ্টি করবে অথবা সংশোধনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করবে।
- ৬। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিপরীতে নির্ধারণকৃত MEPS এর যথাযথ বাস্তবায়ন বিএসটিআই এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকারের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ নিশ্চিত করবে;
- ৭। কর্তৃপক্ষ সময়ে সময়ে স্থানীয় বাজারে বিদ্যমান এবং সর্বাধিক ব্যবহৃত কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি / সরঞ্জামের জ্বালানি ব্যবহারের মান পর্যালোচনাপূর্বক বেজলাইন (baseline) নির্ধারণ ও তদনুযায়ী MEPS সংশোধন করবে;
- ৮। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট MEPS কে ভিত্তি করে যন্ত্রপাতি ও সরঞ্জামের জ্বালানি দক্ষতার স্তরভিত্তিক লেবেল নির্ধারণের জন্য যন্ত্রপাতি/সরঞ্জাম ভিত্তিক বৈশিষ্ট্য নির্ধারণ করবে।
- ৯। কর্তৃপক্ষ যন্ত্রপাতি ও সরঞ্জামাদির লেবেলিং কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে কর্মসূচি প্রণয়ন ও পরিচালনা করবে
- ১০। ঐচ্ছিক ধাপে কর্তৃপক্ষ MEPS এর সাথে অসামঞ্জস্যপূর্ণ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি তৈরী, আমদানী ও বিপণন পর্যায়ক্রমে নিরুৎসাহিত করে লেবেলযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি তৈরী, আমদানী ও বিপণন উৎসাহিত করবে এবং এর প্রভাব মূল্যায়নের জন্য বাজার পর্যবেক্ষণ করবে;
- ১১। কর্তৃপক্ষ নিজে অথবা মনোনীত প্রতিষ্ঠান এর মাধ্যমে স্টার রেটিং/ লেবেলিংকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বাজারে বিক্রয়ের পরিমাণ পর্যবেক্ষণ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রবিধি ৬ ও প্রবিধি ৭ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ১২। কর্তৃপক্ষ কারিগরি কমিটির সুপারিশক্রমে তফসিলসমূহ সময়ে সময়ে সংশোধন করতে পারবে।
- ১৩। কর্তৃপক্ষ এ প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে
- ১৪। এই প্রবিধানমালার উদ্দেশ্যপূরণকল্পে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ডিজিটাল অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টি করবে

অধ্যায় - ৩
লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণ

- ১৫। এই কর্মসূচি প্রবিধি ৩ এর ১(সি) এ বর্ণিত সকল ব্যবসায়ী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে
- ১৬। কর্তৃপক্ষ এ প্রবিধানমালা জারীর ৬ (ছয়) মাসের মধ্যে জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা-২০১৬ এর তফসিল – ক এ বর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ক্রমানুসারে প্রতিটির পৃথক লেবেলিং গাইডলাইন প্রণয়ন করবে এবং লেবেলিং ওয়েব পোর্টালে নিম্নের তথ্যগুলো আপলোড করবে
 - (১) যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন
 - (২) লেবেল গ্রহণের কার্যপ্রণালী
 - (৩) লেবেল গ্রহণের আবেদনের সাথে দাখিলতব্য দলিলপত্রাদির তালিকা
 - (৪) ফি সমূহ
- ১৭। নিবন্ধনের জন্য আবেদন -
 - (১) আবেদনকারী নিজে অথবা তার মনোনীত প্রতিনিধি সরাসরি এবং অথবা লেবেলিং ওয়েব পোর্টাল এর মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রসহ কর্তৃপক্ষের নিকট আবেদন করবে
 - (ক) (১) আগ্রহী ব্যবসায়ী প্রতিষ্ঠান এ প্রবিধানমালার অধীন লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের অনুমতির জন্য তফসিল-২ এ উল্লেখিত নিরাপত্তা জামানত ও সংশ্লিষ্ট ফি প্রদানপূর্বক তফসিল-১ এর ফরম ১ ও ফরম ২ (প্রযোজ্য ক্ষেত্রে) সহ কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র দাখিল করতে পারবে।
 - ২) আবেদনকারী তফসিল-৩ অনুযায়ী ৩০০ টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে কর্তৃপক্ষের সাথে সর্বোচ্চ তিন বছরের জন্য চুক্তি সম্পাদন করবে এবং চুক্তিটি জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা-২০১৬ অথবা তৎপরবর্তী সংশোধনীর বর্ণনামতে পরিবর্তিত হবে।
 - ৩) চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার অনধিক ৬ মাসের মধ্যে চুক্তি নবায়ন করতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে।
 - (খ) কোনো নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক কোন নির্দিষ্ট যন্ত্রপাতি/ সরঞ্জামের প্রতিটি মডেল নিবন্ধনের জন্য কর্তৃপক্ষের নিকট তফসিল ১ এর ফরম ২ এ আবেদনপত্র তফসিল ২ এ উল্লেখিত ফি প্রদানপূর্বক ও প্রযোজ্য ক্ষেত্রে ফরম ৫ দাখিল করতে পারবে।

(৪) আবেদন প্রক্রিয়াকরণঃ

- (ক) দাখিলকৃত দলিলাদি যথাযথ প্রাপ্তি সাপেক্ষে কর্তৃপক্ষ তফসিল-৪ এর সময়সীমা অনুযায়ী আবেদনকারীর নিবন্ধন সম্পন্ন করবে।
- (খ) অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ আবেদনের ক্ষেত্রে কর্তৃপক্ষ তফসিল-৪ এর সময়সীমা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনী এবং অথবা অতিরিক্ত দলিলাদি তফসিল ১ এর ফরম-৪ এ জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করবে।
- (গ) ব্যবসায়ী প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হলে, আবেদনকারীকে একটি ইউজার আইডি এবং পাসওয়ার্ড বরাদ্দ করা হবে। অতঃপর ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষের লেবেলিং ওয়েব পোর্টাল এর মাধ্যমে যন্ত্রপাতি ও সরঞ্জামাদির মডেল রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে এবং পরবর্তীতে আবেদনটির অবস্থান জানতে পারবে।
- (ঘ) কর্তৃপক্ষ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদনপূর্বক লেবেলিং পোর্টালে বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনকারীকে লেবেল গ্রহণের অনুমতি প্রদান করবে।

১৮। নিবন্ধন প্রত্যাহার বা স্থগিতাদেশ

- (১) নিম্নলিখিত যেকোনো কারণে ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে
- ক) মালিকানা, অবস্থা বা ব্যবসার ধরণ পরিবর্তন করলে;
- খ) নিজ থেকে কর্তৃপক্ষের নিকট নিবন্ধন বাতিলের অনুরোধ করলে;
- গ) নিবন্ধনের কোনো শর্ত বা চুক্তি ভঙ্গ করলে
- ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন না করলে
- (২) নিম্নলিখিত যেকোনো কারণে সকল বা নির্দিষ্ট মডেলের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির লেবেলিং এর জন্য মডেল নিবন্ধন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে-
- ক) নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধনের মেয়াদ শেষ হয়ে গেলে এবং প্রবিধি ১৭(২) ক(৩) এ নির্ধারিত সময় অতিক্রান্ত হলে;
- খ) লেবেলগ্রহীতা কর্তৃক কোনো নির্দিষ্ট মডেলের নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা হলে
- গ) কোনো মডেল নিবন্ধনের ৬ (ছয়) মাসের মধ্যে আওতাভুক্ত যন্ত্রপাতি বা সরঞ্জামাদি উৎপাদন বা আমদানি না করা হলে।
- ঘ) কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুসারে কর্তৃপক্ষ অনুমোদিত লেবেল প্রদর্শন না করলে;
- ঙ) ২য় চেক টেস্ট পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় কর্তৃপক্ষ হতে প্রাপ্ত নোটিশের উপর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণ সংশোধনমূলক কার্যক্রম গ্রহণে ব্যর্থ হলে ;
- চ) সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের লেবেলিং গাইডলাইন ঘোষণা এবং অথবা এর সংশোধনী কার্যকর হবার পর তা যথাযথভাবে প্রতিপালিত না হলে; এবং
- ছ) অন্য কোনো কারণে নির্দিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে এ প্রবিধান/ সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন লঙ্ঘন করলে;
- (৩) প্রবিধি-১৮ এর (১) ক), (১) খ) এবং (২) খ) এর ক্ষেত্রে ব্যতিত অন্যান্য কারণে কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন বাতিল করা হলে নিরাপত্তা জামানত অফেরতযোগ্য হবে তবে নিবন্ধন গ্রহণের এক বছরের মধ্যে আবেদনকারী কর্তৃক নিবন্ধন বাতিলের আবেদন গ্রহণযোগ্য হবে না;

১৯। নিবন্ধন নবায়ন/ পুনরায় নিবন্ধন

- (১) (ক) ব্যবসায়ী প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধন বাতিল করা হলে পুনরায় নিবন্ধনের জন্য নতুনভাবে আবেদন করতে হবে।
- (খ) প্রবিধি-১৮ এর (১) ক), (১) খ) এবং (২) খ) এর ক্ষেত্রে ব্যতিত অন্যান্য কারণে নিবন্ধন বাতিল করা হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক প্রমাণক প্রদর্শন সাপেক্ষে পুনরায় নিবন্ধন প্রাপ্তির জন্য নতুনভাবে আবেদন করতে হবে
- (২) ব্যবসায়ী প্রতিষ্ঠান হিসেবে এবং মডেল নিবন্ধন নবায়নের ক্ষেত্রে তফসিল ২ নির্ধারিত ফি প্রদেয় হবে
- (৩) উপরে যাই বর্ণিত থাকুক না কেন প্রবিধি-১৮ এর (১) ক), (১) খ) এবং (২) খ) এর ক্ষেত্রে ব্যতিত প্রবিধান-১৮ এর (১) ও প্রবিধান-১৭ (২) অনুযায়ী দ্বিতীয়বার বাতিলকৃত নিবন্ধন পুনরায় নিবন্ধনের জন্য বিবেচিত হবে না;

২০। লেবেলযুক্ত যন্ত্রপাতির বিক্রোতা

- (১) এই প্রবিধানের অধীনে লেবেলযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি শুধুমাত্র যথাযথ অনুমোদনকারী সংস্থা কর্তৃক প্রদানকৃত ট্রেড লাইসেন্সযুক্ত 'দোকান' এর মাধ্যমে ক্রয়- বিক্রয় করা যাবে।
- (২) কর্তৃপক্ষ প্রবিধি ২০(১) এ বর্ণিত দোকান থেকে এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির নমুনা নগদ মূল্যে সংগ্রহ করবে। প্রযোজ্য ক্ষেত্রে এ মূল্য সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধযোগ্য হবে।

২১। এ প্রবিধানমালা জারীর অব্যবহিত পর কোনো ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন এবং মডেল নিবন্ধন গ্রহণ ব্যতীত কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামে লেবেল ব্যবহার করতে পারবে না।

অধ্যায় - ৪

টেস্ট প্রটোকল, পরীক্ষাগার তালিকাভুক্তকরণ

২২। টেস্ট প্রোটোকল

- (১) সংশ্লিষ্ট বিডিএস/ আইইসি/ আইএসও টেস্ট প্রোটোকল অনুসারে অনুমোদিত পরীক্ষাগার যন্ত্রপাতি ও সরঞ্জামাদির **সর্বোত্তম কার্যসম্পাদনে ব্যবহৃত জ্বালানির** দক্ষতা নিরূপণ করবে।
- (২) কর্তৃপক্ষের সুপারিশক্রমে বিএসটিআই জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ বা এর সংশোধনী তফসিল – ক ভুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির জন্য টেস্ট প্রটোকল প্রস্তুত/হালনাগাদ করবে।
- (৩) যদি বিএসটিআই কর্তৃক প্রবিধি ২২(২) এর অধীন কোনো যন্ত্রপাতির টেস্ট প্রটোকল জারী না হয়ে থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট আইইসি/আইএসও টেস্ট প্রটোকল প্রযোজ্য হবে।

২৩। পরীক্ষাগার

- (১) কোনো পরীক্ষাগার তফসিল ২ এর নির্ধারিত ফি প্রদানপূর্বক তফসিল ১ এর ফরম ৩ অনুসারে অনলাইনে আবেদন করবে।
- (২) বিদেশী পরীক্ষাগারও প্রবিধি ২৩(১) অনুযায়ী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে পারবে।
- (৩) কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক যোগ্য আবেদনকারীকে তালিকাভুক্ত করা হবে এবং এই তালিকাভুক্তি পরীক্ষাগার এর এক্রিডিটেশন মেয়াদ পর্যন্ত বহাল থাকবে।
- (৪) তালিকাভুক্তির জন্য অনুমোদিত পরীক্ষাগারকে কর্তৃপক্ষ কর্তৃক ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হবে এবং অতঃপর সংশ্লিষ্ট পরীক্ষাগারের বিবরণ কর্তৃপক্ষের ওয়েব পোর্টালে প্রদর্শিত হবে।
- (৫) কর্তৃপক্ষ প্রথম/ দ্বিতীয় চেক টেস্ট এবং চ্যালেঞ্জ টেস্টের জন্য নির্ধারিত মেয়াদের জন্য চুক্তি সম্পাদনপূর্বক রেফারেল পরীক্ষাগার হতে পরীক্ষণ সেবা গ্রহণ করবে।
- (৬) কারিগরি কমিটি সময়ে সময়ে বাংলাদেশের পরীক্ষাগারগুলোর বিদ্যমান অবকাঠামোগত সুবিধাদি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশমালা সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে।
- (৭) কর্তৃপক্ষ প্রাপ্ত সুপারিশমালার ভিত্তিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের উদ্যোগ গ্রহণ করবে
- (৮) কর্তৃপক্ষ নিজস্ব পরীক্ষাগার স্থাপন বা স্থাপনে সহায়তা প্রদানের জন্য একটি বিস্তারিত নীতিমালা প্রণয়ন করবে ;

২৪। পরীক্ষার সনদ

- (১) সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের পরীক্ষণ প্রতিবেদন প্রদান করার জন্য পরীক্ষাগারগুলি সংশ্লিষ্ট বিডিএস/আইইসি/আইএসও প্রোটোকল অনুযায়ী এতদসংশ্লিষ্ট টেস্ট প্রটোকল এর ভিত্তিতে পরীক্ষণ সম্পাদন করবে এবং নির্ধারিত ফরমেটে প্রতিবেদন তৈরী করবে।
- (২) কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্ত পরীক্ষাগারসমূহ পরীক্ষণকৃত যন্ত্রপাতি/সরঞ্জামাদির পরীক্ষণ প্রতিবেদন কর্তৃপক্ষের লেবেলিং ওয়েব পোর্টালে আপলোড করবে।

২৫। পরীক্ষণ ও পরীক্ষণ প্রতিবেদন ফি

- (১) কর্তৃপক্ষ 'কারিগরি কমিটি'র পরামর্শক্রমে পরীক্ষাগারের তালিকাভুক্তির ফি (এককালীন) ধার্য করবে
- (২) পরীক্ষাগারগুলো পরীক্ষণ ও পরীক্ষণ প্রতিবেদন প্রদানের জন্য নিজস্ব ফি কাঠামো নির্ধারণ করতে পারবে। তবে এক্ষেত্রে সময়ে সময়ে নির্ধারণকৃত ফি কর্তৃপক্ষের ওয়েব পোর্টালে আপলোড করবে।

(৩) যদি প্রথম চেক টেস্ট এ লেবেলগ্রহীতা সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের জ্বালানি দক্ষতা পরীক্ষায় ব্যর্থ হয় তবে দ্বিতীয় চেক টেস্ট এর যাবতীয় খরচ যেমন পরীক্ষাধীন যন্ত্রপাতি বা সরঞ্জামাদির মূল্য, আনুষঙ্গিক অন্যান্য ফি/ব্যয় (পরীক্ষণ ফি, পরীক্ষণ প্রতিবেদন ফি, পরিবহন ব্যয় ইত্যাদি) লেবেলগ্রহীতা পরিশোধ করবে।

অধ্যায় ৫ লেবেল ডিজাইন ও ব্যবস্থাপনা

২৬। লেবেল ডিজাইন

- (১) প্রতিটি লেবেলে আবশ্যিকভাবে নিম্নোক্ত তথ্যসহ অন্যান্য তথ্যাদি অন্তর্ভুক্ত থাকবে
 - (ক) লেবেলগ্রহীতার স্বতন্ত্র সনাক্তকরণ নম্বর (Unique Identification Number (UIN)
 - (খ) যন্ত্রপাতির জ্বালানি দক্ষতা ও পরীক্ষণ সনদ সনাক্তকরণের জন্য পণ্য উৎপাদনের উৎস ও ব্যাচ, লেবেল গ্রহীতার UIN এবং লেবেলের ক্রমিক নম্বরসহ QR(Quick Response)/বার (Bar)/অন্যান্য উপযুক্ত কোড
 - (গ) কার্যসম্পাদনে জ্বালানি দক্ষতার মান (Energy Performance)
 - (ঘ) লেবেল রেটিং এর গ্রাফিক
 - (ঙ) যন্ত্রপাতির জন্য প্রাসঙ্গিক অন্যান্য কারিগরি বিবরণ
- (২) 'কারিগরি কমিটি'র সুপারিশক্রমে কর্তৃপক্ষ লেবেল এবং মাস্টার লেআউট ডিজাইন নির্ধারণ করবে
- (৩) কর্তৃপক্ষ মাস্টার লেআউট এবং রঙের মৌলিক বৈশিষ্ট্যগুলির সাথে মিল রেখে ব্যবসায়ী প্রতিষ্ঠান ভিত্তিক প্রত্যেক যন্ত্রপাতির লেবেলের জন্য সুনির্দিষ্ট লেআউট ডিজাইন নির্ধারণ করবে

২৭। লেবেল প্রশাসন ও লেবেলিং ফি

- (১) লেবেলগ্রহীতা ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক ভিত্তিতে কোনো নির্দিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল স্থাপনের জন্য বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের আলোকে মডেল ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক লেবেল প্রাপ্তির উদ্দেশ্যে তফসিল-১ এর ফরম ৬ এ কর্তৃপক্ষের নিকট আবেদন করবে।
- (২) কর্তৃপক্ষ আবেদন পর্যালোচনান্তে যথার্থতা বিবেচনায় নির্দিষ্ট সংখ্যক লেবেল প্রদর্শনের অনুমতি দিবে এবং লেবেলগ্রহীতা সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন মোতাবেক অনুমোদিত লেবেল সংখ্যার ভিত্তিতে প্রযোজ্য লেবেলিং ফি প্রদান করবে
- (৩) লেবেলগ্রহীতা বরাদ্দকৃত লেবেলের ৯০ শতাংশ স্থাপন সম্পন্ন করার পর নতুন লেবেল বরাদ্দ এবং অথবা বরাদ্দকৃত লেবেলের সম্পূর্ণ বা আংশিক ফেরত প্রদানের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবে।
- (৪) কর্তৃপক্ষ অনুমোদিত লেবেল এবং বিভিন্ন লেবেলগ্রহীতাকে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির বিপরীতে প্রদত্ত লেবেল সংশ্লিষ্ট তথ্যাদি ডিজিটাল পদ্ধতিতে ইলেক্ট্রনিক রেজিস্ট্রারে সংরক্ষণ করবে।
- (৫) কর্তৃপক্ষকে স্বয়ংক্রিয়ভাবে অবহিতকরণের উদ্দেশ্যে লেবেলগ্রহীতা ইলেক্ট্রনিক উপায়ে যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল সংযোজন করবে যা স্বয়ংক্রিয়ভাবে কর্তৃপক্ষের ইলেক্ট্রনিক রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত হবে।
- (৬) লেবেলগ্রহীতা যন্ত্রপাতি বা সরঞ্জামাদি সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন ও কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত সংশ্লিষ্ট নিয়মাবলী অনুসারে লেবেল প্রদর্শন করবে।
- (৭) লেবেলগ্রহীতা এমনভাবে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির উপর লেবেল সংযোজন করবে যাতে লেবেলটি অপসারণ বা পুনরায় ব্যবহার না করা যায়।
- (৮) কর্তৃপক্ষ কারিগরি কমিটির সুপারিশক্রমে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনা করে প্রত্যেক যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য পৃথক লেবেল ফি নির্ধারণ করবে এবং সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইনে অন্তর্ভুক্ত করবে:
 - (ক) লেবেলিং কর্মসূচী পরিচালনার জন্য প্রশাসনিক খরচ;
 - (খ) যন্ত্রপাতি বা সরঞ্জামাদির পরীক্ষণ খরচ,
 - (গ) নমুনা সংগ্রহের খরচ;
 - (ঘ) পরিবহন খরচ;
 - (ঙ) প্রচার প্রচারণা এবং অন্যান্য প্রণোদনা খরচ;
 - (চ) কর্তৃপক্ষের তহবিল গঠন।

অধ্যায় ৬ মনিটরিং, ভেরিফিকেশন এবং কমপ্লায়েন্স

২৮। প্রথম চেক টেস্ট

- (২) কর্তৃপক্ষ যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে সংযুক্ত লেবেলে প্রদর্শিত জ্বালানি দক্ষতার মান যাচাই করার জন্য নির্ধারিত কর্মসূচি অনুযায়ী খোলা বাজার থেকে নমুনা সংগ্রহ করবে এবং পর্যায়ক্রমে রেফারেল পরীক্ষাগারে প্রথম চেক টেস্ট পরিচালনার ব্যবস্থা করবে।
- (২) কর্তৃপক্ষ রেফারেল পরীক্ষাগারে প্রথম চেক টেস্ট বা দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে মনোনিত প্রতিষ্ঠান হবে আনুষঙ্গিক সেবা গ্রহণ করতে পারবে।
- (৩) কর্তৃপক্ষ প্রথম চেক টেস্ট সম্পাদনের জন্য দৈবচয়ন পদ্ধতিতে মডেল বা যন্ত্রপাতি বা সরঞ্জাম নির্বাচন করবে।
- (৪) রেফারেল পরীক্ষাগার পরীক্ষণ সম্পাদনপূর্বক কর্তৃপক্ষকে যন্ত্রপাতি/সরঞ্জামের সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুযায়ী পরীক্ষণ প্রতিবেদন প্রদান করবে।
- (৫) কর্তৃপক্ষ প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট যন্ত্রপাতি/সরঞ্জামের জ্বালানি দক্ষতা প্রতিপালনের বিষয়টি নিশ্চিত হবে।

২৯। দ্বিতীয় চেক টেস্ট

- (১) কোনো যন্ত্রপাতি বা সরঞ্জামের প্রথম চেক টেস্ট এ জ্বালানি দক্ষতার মান লেবেলে প্রদর্শিত মানের সাথে সঙ্গতিপূর্ণ না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় চেক টেস্ট পরিচালনা করবে।
- (২) কর্তৃপক্ষ লেবেলগ্রহীতা কে প্রথম চেক টেস্ট এর ব্যর্থতার বিষয়টি অবগত করবে এবং দ্বিতীয় চেক টেস্ট পরিচালনার জন্য সংশ্লিষ্ট পরীক্ষাগার ফি/সমূহ এবং ঐ যন্ত্রপাতি বা সরঞ্জামের বিদ্যমান বাজার মূল্য পরিশোধ করবে।
- (৩) কর্তৃপক্ষ একই রেফারেল ল্যাবরেটরীতে দ্বিতীয় চেক টেস্ট পরিচালনার জন্য দৈবচয়নে বাজার থেকে আরো দুটি নমুনা সংগ্রহ করবে।
- (৪) কর্তৃপক্ষ লেবেলগ্রহীতাকে দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের তারিখ অবগত করবে এবং লেবেলগ্রহীতা বা তার মনোনিত প্রতিনিধি ওই দিন উপস্থিত হয়ে পরীক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করবে।
- (৫) কর্তৃপক্ষ/তার মনোনিত প্রতিষ্ঠান নির্ধারিত দিনে লেবেলগ্রহীতা বা তার মনোনিত প্রতিনিধি উপস্থিত না হলেও সংশ্লিষ্ট রেফারেল পরীক্ষাগারে দ্বিতীয় চেক টেস্ট সম্পাদন করবে।
- (৬) লেবেলগ্রহীতা কর্তৃক সংশ্লিষ্ট পরীক্ষাগার ফি/সমূহ পরিশোধ বা নমুনাধ্বয়ের বিদ্যমান বাজার মূল্য পরিশোধিত না হলেও দ্বিতীয় চেক টেস্ট সম্পাদনের ক্ষেত্রে তা বাধা হবে না। যাইহোক, কর্তৃপক্ষ এক্ষেত্রে ঐ পণ্যের লেবেল ব্যবহার বা লেবেলগ্রহীতার নিবন্ধন স্থগিত বা অন্য কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

৩০। সংশোধনীমূলক কার্যক্রম

সংগৃহীত ১ম বা ২য় নমুনা বা উভয়ই দ্বিতীয় চেক টেস্ট এ ব্যর্থ/অনুত্তীর্ণ হলে:

- (১) কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মডেলের নিবন্ধন সাময়িকভাবে স্থগিত করবে এবং লেবেলগ্রহীতাকে ইলেক্ট্রনিক নোটিশ জারির ছয় সপ্তাহের মধ্যে নিম্নলিখিত সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করবে:

(ক) লেবেলে প্রদর্শিত রেটিং সংশোধন করা/ এতে অবস্থিত ত্রুটি বা ঘাটতি দূর করা

(খ) কর্তৃপক্ষের নির্দেশনার সাথে সঙ্গতি রেখে ঐ পন্য বাজার থেকে প্রত্যাহার করা।

(গ) প্রতিটি পণ্যের বিপণন এবং বিজ্ঞাপন সামগ্রীতে প্রয়োজনীয় পরিবর্তন আনা এবং কর্তৃপক্ষের নিকট সকল গৃহীত

ব্যবস্থার অগ্রগতি ফরম ৭ অনুযায়ী “পদক্ষেপ গ্রহণ প্রতিবেদন” আকারে জমা দেয়া।

- (২) লেবেলগ্রহীতা প্রয়োজ্যতা অনুযায়ী ওই পণ্যের জ্বালানি দক্ষতার মান উন্নত করার জন্য সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করবে অথবা পণ্যের লেবেল রেটিং হ্রাস করে নতুন হ্রাসকৃত লেবেল পণ্যে ব্যবহার করবে এবং কর্তৃপক্ষকে “পদক্ষেপ গ্রহণ প্রতিবেদন” জমা দিবে।

- (৩) কর্তৃপক্ষ 'পদক্ষেপ গ্রহণ প্রতিবেদন' পর্যালোচনা করবে এবং কমপ্লিয়েন্স হলে যথাযথ লেবেল ব্যবহারের জন্য লেবেলগ্রহীতা নিবন্ধন চালু করবে।

- (৪) যদি লেবেলগ্রহীতা 'পদক্ষেপ গ্রহণ প্রতিবেদন' যথাসময়ে প্রদান না করে অথবা কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন না করে, সেক্ষেত্রে জ্বালানি দক্ষতার মান ভুল ঘোষণার কারণে কর্তৃপক্ষ নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে পারবে:

(ক) লেবেলগ্রহীতার নিবন্ধন বাতিল

(খ) লেবেলগ্রহীতার নাম এবং কি কারণে তার নিবন্ধন বাতিল হয়েছে তা জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা-২০১৬ বা এর পরবর্তী সংশোধনী অনুসারে নিবন্ধন বাতিল আদেশ প্রচার

(গ) কর্তৃপক্ষ প্রয়োজন ভোক্তার অধিকার সংরক্ষণার্থে ভোক্তা হিসাবে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ এর ২৬ নং আইন) এর প্রাসঙ্গিক বিধান (সমূহ) অনুসারে লেবেলগ্রহীতার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরাবর অভিযোগ দায়ের

(ঘ) গ্রাহকগণের সুরক্ষা এবং লেবেল কার্যক্রমের দক্ষতা বজায় রাখার জন্য যথাযথ বিবেচিত অন্য কোন আইনি ব্যবস্থা গ্রহণ

৩১। চ্যালেঞ্জ টেস্ট

- (১) কর্তৃপক্ষ কোনো পণ্যের জ্বালানি দক্ষতার মান ভুল ঘোষণার বিষয়ে বাজার বা অন্য কোন উৎস থেকে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে চ্যালেঞ্জ টেস্ট এর ব্যবস্থা গ্রহণ করবে।
 - (২) অতঃপর কর্তৃপক্ষ চ্যালেঞ্জ টেস্ট পরিচালনার বিষয় লেবেলগ্রহীতাকে অবগত করবে।
 - (৩) দ্বিতীয় চেক টেস্ট এর ক্ষেত্রে ব্যবহৃত পদ্ধতিতে চ্যালেঞ্জ টেস্ট পরিচালনা করা হবে তবে এক্ষেত্রে শুধুমাত্র একটি নমুনা সংগ্রহ করা হবে
 - (৪) চ্যালেঞ্জ টেস্ট এ সংশ্লিষ্ট যন্ত্রপাতি/সরঞ্জাম ব্যর্থ/অনুত্তীর্ণ হলে, লেবেলগ্রহীতা সংশ্লিষ্ট টেস্ট পরিচালনার যাবতীয় ব্যয় বহন করতে বাধ্য থাকবে এবং প্রতিষি ৩০ এর আওতায় সংশোধনীমূলক কার্যক্রম প্রযোজ্য হবে।
 - (৫) টেস্ট এ সংশ্লিষ্ট যন্ত্রপাতি/সরঞ্জাম উত্তীর্ণ হলে, এক্ষেত্রে অভিযোগকারীকে সংশ্লিষ্ট টেস্ট পরিচালনার যাবতীয় ব্যয় বহন করতে হবে
- ৩২। কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিষ্ঠান রেফারেল ল্যাবরেটরি থেকে নমুনা ফেরত নিবে এবং নির্দিষ্ট সময় পর পর এসব নমুনা নিষ্পত্তির জন্য নিলামের ব্যবস্থা করবে

অধ্যায়-৭ লেবেলগ্রহীতার প্রণোদনা ও স্বীকৃতি

৩৩। কর্তৃপক্ষ

- (১) প্রত্যেক লেবেলগ্রহীতার বিপরীতে প্রদানকৃত লেবেলের পরিমাণের উপর ভিত্তি করে কোনো নির্দিষ্ট পণ্যের কার্যসম্পাদনে জ্বালানি ব্যবহারের গড় মান হিসাব করবে।
- (২) প্রতি লেবেলগ্রহীতার পৃথক পণ্যের জন্য জ্বালানি ব্যবহারের চলমান গড় (Moving Average Energy Consumption) হিসাব করবে এবং প্রতি বছর চলমান গড়ের উন্নতির ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহের ক্রমবিন্যাস তালিকা প্রণয়ন করবে।
- (৩) কারিগরি কমিটির সুপারিশের আলোকে নির্ধারিত প্রণোদনা কৌশল ও পদ্ধতিতে পণ্যে লেবেল প্রদর্শনসহ যাবতীয় কৃতীত্বপূর্ণ কার্যক্রম, প্রতিষি ৩৩ (২) এ বর্ণিত ক্রমবিন্যাস তালিকায় অবস্থান এবং অথবা অন্য কোন যথাযথ বিবেচনায় উপযুক্ত প্রতীয়মান হলে এক বা একাধিক লেবেলগ্রহীতাকে প্রণোদনা অথবা স্বীকৃতি প্রদান করবে এবং বহল প্রচারের ব্যবস্থা করবে।

অধ্যায় ৮ কারিগরি কমিটি

৩৪। কারিগরি কমিটি নিম্নে বর্ণিত বিষয়াদিতে কারিগরি সুপারিশমালা প্রণয়ন ও পরামর্শ সেবা প্রদান করবে:

- (১) লেবেল কার্যক্রমের আওতায় নতুন যন্ত্রপাতি বা সরঞ্জামাদি অন্তর্ভুক্তকরণ ও পুরাতন তালিকা নবায়ন
- (২) ঐচ্ছিক ও বাধ্যতামূলক ধাপের পণ্য নির্ধারণ ও সময়সীমা
- (৩) লেবেল কর্মসূচীতে অংশগ্রহণের জন্য ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন, মডেল নিবন্ধন ও নবায়ন পদ্ধতির আধুনিকীকরণ
- (৪) লেবেলে আবশ্যিকভাবে প্রদর্শনের জন্য তথ্যাদি নির্বাচন, লেবেলের মাস্টার ডিজাইন, গ্রাফিক ডিজাইন নির্ধারণ
- (৫) লেবেলগ্রহীতাকে স্বীকৃতি/প্রণোদনা প্রদানের ভিত্তি নির্ধারণ
- (৬) MEPS প্রবর্তন/পরিবর্তন ও লেবেলিং ধাপ নির্ধারণ
- (৭) বিদ্যমান পরীক্ষাগারগুলোর অবকাঠামোগত সুবিধাদি পর্যালোচনা, পরীক্ষাগার তালিকাভুক্তকরণ ও পরীক্ষাগার স্থাপনের নীতিমালার খসড়া উপস্থাপন
- (৮) তফসিল সংশোধন
- (৯) লেবেলিং ফি, মডেল নিবন্ধন ফি, নিরাপত্তা জামানত, পরীক্ষাগার নিবন্ধন ফিসহ অন্যান্য সকল ফি নির্ধারণ এবং সময়ে সময়ে সংশোধন প্রস্তাব প্রদান
- (১০) রেফারেল পরীক্ষাগার ও মনোনীত প্রতিষ্ঠান নির্বাচনের ভিত্তি নির্ধারণ
- (১১) সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদির লেবেলিং গাইডলাইনের খসড়া প্রস্তুত ও লেবেল প্রদর্শনের নিয়মাবলী
- (১২) এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক এই প্রবিধানমালার উদ্দেশ্যে পূরণকল্পে যাচিত অন্যান্য কারিগরি সেবা।

৩৫। তফসিল ৫ অনুযায়ী ৩ বছরের জন্য কারিগরি কমিটি গঠিত হবে ও তার কার্যপরিধির বিস্তারিত কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে

৩৬। কর্তৃপক্ষ প্রয়োজন অনুসারে সময়ে সময়ে কারিগরি কমিটি পুনর্গঠন করতে পারবে

৩৭। কারিগরি কমিটি তার প্রয়োজন অনুসারে কাজের প্রকৃতি বিবেচনায় বিভিন্ন বিষয়ে কারিগরি উপ কমিটি গঠন করতে পারবে।

৩৮। কারিগরি কমিটি ও উপ কমিটির সদস্যগণের সম্মানির হার কাজের প্রকৃতি বিবেচনায় বোর্ডের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ নির্ধারণ করবে

তফসিল ১ – ফরমসমূহ

স্রেডা সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ অধীন লেবেলিং কর্মসূচীতে অংশগ্রহণের জন্য
আবেদনসমূহ

[প্রবিধি ১৭, প্রবিধি ২৩, প্রবিধি ৩০]

ফরম ১ : ব্যবসায়ী প্রতিষ্ঠান নিবন্ধনের আবেদনপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করা হবে)

চিঠি নং _____

তারিখ _____

সচিব

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: লেবেলিং কর্মসূচীতে অংশগ্রহণের উদ্দেশ্যে ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন

জনাব

১। সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ অনুসারে আমি/আমরা-

(১) কোম্পানি/ফার্মের নাম:

(২) প্রতিষ্ঠাকাল (তারিখ):

(৩) ব্যবসার শুরু (বছর) :

(৪) নিবন্ধনের বিবরণ

ক) কোম্পানির নিবন্ধন নিবন্ধন নম্বর: _____ তারিখ: _____

খ) ক্ষুদ্র শিল্প নিবন্ধন নম্বর: _____ তারিখ: _____

গ) অন্য কোন সরকারি সংস্থা নাম _____ নম্বর: _____ তারিখ: _____

(৫) ব্যবসার ধরণ (যন্ত্রপাতি ও সরঞ্জাম)- প্রস্তুতকারক/আমদানি/বিপণন

(৬) ট্রেড লাইসেন্স নম্বর: _____ তারিখ: _____

(৭) ঠিকানা:

ক) নিবন্ধিত দপ্তর: _____ রোড _____ গ্রাম/উপজেলা/ জেলা _____ পোস্ট কোড _____

খ) প্রধান বিপণন দপ্তর: _____ রোড _____ গ্রাম/উপজেলা/ জেলা _____ পোস্ট কোড _____

গ) উৎপাদন প্ল্যান্ট: _____ রোড _____ গ্রাম/উপজেলা/ জেলা _____ পোস্ট কোড _____

(৮) দপ্তরের ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যম

ই-মেইল আইডি: _____ ফোন _____ মোবাইল _____

(৯) লেবেলিং কর্মসূচি পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত অফিসারের বিবরণ

ক) নাম: _____ খ) যোগ্যতা: _____

গ) পদবি (Authorization পত্র অনুসারে) _____ ঘ) চাকুরীর বয়স (বছর): _____

ঙ) যোগাযোগ মাধ্যম:

ই-মেইল আইডি: _____ ফোন _____ মোবাইল _____

চ) Authorization পত্র নম্বর _____ তারিখ _____

(১০) নিয়োজিত কর্মীদের সংখ্যা

প্রকৌশলী _____ টেকনিশিয়ান _____ অন্যান্য _____

(১১) যে ম্যানেজম্যান্ট সিস্টেম অনুসরণ করা হচ্ছে

ক) আইএসও কোয়ালিটি ম্যানেজম্যান্ট সিস্টেম হ্যাঁ/না [যদি হ্যাঁ হয় তাহলে (তারিখ) _____]

লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণ করতে নিবন্ধিত হতে ইচ্ছুক।

২। আমাদের ব্যবসা পণ্যগুলো হলো-

নং	যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম	ব্যবসার ধরণ(উৎপাদনকারী/ আমদানীকারক বা অন্যান্য)

৩। আমি/আমরা ইতিমধ্যে নিরাপত্তা জামানত (ব্যাংকের Transaction বিবরণ/ নম্বর/ শাখা/ পরিমাণ ইত্যাদি _____ তারিখ _____) জমা দিয়েছি।

৪। আমাদের প্রতিষ্ঠানের নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নথির স্বীকৃত কপি জমা দিচ্ছি:

- (১) যন্ত্রপাতি ও সরঞ্জামাদিতে লেবেল ব্যবহারের জন্য অনুমতিপ্রাপ্ত ব্যবসায়ী প্রতিষ্ঠান ও কর্তৃপক্ষের মধ্যে স্বাক্ষরিতব্য চুক্তিপত্র
- (২) উৎপাদন স্থান বা ব্যবসা পরিচালনা করার জন্য নাম এবং ঠিকানা সম্বলিত প্রমাণপত্র
- (৩) ট্রেড মার্ক সার্টিফিকেট
- (৪) প্রযোজ্য ক্ষেত্রে এসএমই/আইআরসি(IRC) সার্টিফিকেট
- (৫) গুনগত মান পরিচালনা পদ্ধতির সনদ (Quality Management System Certificate), যদি থাকে
- (৬) সংস্থা প্রধানের প্রতিনিধিত্ব করার জন্য নিয়োজিত কর্মকর্তার নমুনা স্বাক্ষর অনুমোদন বিষয়ক যথাযথ সিলমোহরসহ প্রমাণপত্র
- (৭) প্রযোজ্য ক্ষেত্রে বিএসটিআই লাইসেন্স
- (৮) ডিম্যান্ড ড্রাফট (নিরাপত্তা জামানত)/ অনলাইনে প্রদানের ক্ষেত্রে পেমেন্ট রশিদ
- (৯) অনলাইনে আবেদনপত্রের ফটোকপি (সঠিকভাবে স্বাক্ষরিত এবং কোম্পানী সীল স্ট্যাম্পসহ)
- (১০) আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক মর্মে ব্যবসা প্রতিষ্ঠান প্রধানের ঘোষণাপত্র

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে অঙ্গীকার করছি যে উপরোক্ত প্রদত্ত নথিগুলির সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসের সঠিক।

আমার সদয় নিবেদন এই যে, লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমাদের প্রতিষ্ঠানকে নিবন্ধন করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম, সীল ও স্বাক্ষর)

তারিখ -----

ফরম ২: যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল নিবন্ধনের জন্য আবেদনপত্র (সংস্থার লেটার হেডে মুদ্রিত হতে হবে)

চিঠি নং.....

তারিখ.....

বরাবর

সচিব

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

বিষয়: লেবেলিং কর্মসূচিতে লেবেল গ্রহণের জন্য মডেল নিবন্ধন

জনাব,

১। আমি/আমরা নিম্নোক্ত যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল উৎপাদনকারী / আমদানিকারক / বিপণনকারী।

নং	যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম	ব্র্যান্ড	সরঞ্জাম মডেল	মডেল নম্বর/আইডি

২। কর্তৃপক্ষের সাথে প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে): _____

৩। আমি/আমরা ইতিমধ্যে নিবন্ধন ফি (ব্যাংকের Transaction বিবরণ/ নম্বর/ শাখা/ পরিমাণ ইত্যাদি-
তারিখ _____) জমা দিয়েছি।

৪। যন্ত্রপাতি বা সরঞ্জামের মডেল নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্যাদির স্বীকৃত কপিগুলি জমা দিচ্ছি:

(১) অনুমোদিত / কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্ত পরীক্ষাগার থেকে পরীক্ষার সার্টিফিকেট

(২) কর্তৃপক্ষের তালিকাভুক্ত ল্যাবরেটরি হতে বিএসটিআই কর্তৃক জারীকৃত টেস্ট প্রটোকল অনুযায়ী ১ বছর বা তার কম সময়ের মধ্যে প্রস্তুতকৃত/প্রযোজ্য ক্ষেত্রে আমদানিকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির জ্বালানি দক্ষতা, জ্বালানি খরচের পরিমাণ, স্পেসিফিক জ্বালানি খরচ/কার্যকারিতা (Specific Energy Consumption/ Efficacy) ইত্যাদি তথ্য সম্বলিত মূল পরীক্ষাগার টেস্ট রিপোর্ট।

(৩) প্রাসঙ্গিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির নিজস্ব গাইডলাইন অনুযায়ী পরীক্ষাগারের টেস্ট রিপোর্টের ফলাফল

(৪) প্রাসঙ্গিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির নিজস্ব গাইডলাইনে উল্লিখিত লেবেলের নমুনা ও স্থাপন স্থান নির্দেশক

৫। আমরা প্রতিটি সরঞ্জামের একই গোত্রের মডেলের নিবন্ধন ও বার্ষিক রিটার্ন অনলাইনে ও নিম্নলিখিতভাবে জমা দিচ্ছি।

(১) প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা

নিবন্ধন নম্বর _____ (২) রিটার্ন বছর _____

(৩) যন্ত্রের বিশদ (লেবেলের জন্য প্রস্তাবিত সমস্ত সরঞ্জামের বিবরণ)

সরঞ্জামের নাম	উৎপাদন/আমদানী/বিপণন	ব্র্যান্ড

(৪) মডেলের গোত্র (প্রতিটি সরঞ্জামের জন্য পৃথক মডেলের বিশদ বিবরণ)

সরঞ্জামের মডেল	উৎপাদনের বিস্তারিত			উৎপাদন মান	
	কোম্পানী	দেশ	বছর	নির্দেশক	সংশ্লিষ্ট বিএসটিআই / আইইসি

(৫) পরীক্ষার সার্টিফিকেট

সরঞ্জামের মডেল	পরীক্ষার সার্টিফিকেট বিস্তারিত			গবেষণাগারের বিস্তারিত		
	সংখ্যা	তারিখ	জ্বালানি দক্ষতার তথ্য	নাম	ঠিকানা	অ্যাক্রিডিটেশন নম্বর / কর্তৃপক্ষের অনুমোদনের নম্বর

(৬) সরঞ্জামের সংখ্যা (পৃথক মডেলের জন্য আলাদা বার্ষিক রিটার্ন দাখিল করতে হবে)

বছর	উৎস			বিক্রিত						
	উৎপাদন	আমদানী	মোট	জিআইআর বিহীন	১ জিআইআর	২ জিআইআর	৩ জিআইআর	৪ জিআইআর	৫ জিআইআর	মোট
সরঞ্জামের মডেল -----										
২০২০										
২০১৯										
২০১৮										

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে অজ্ঞিকার করছি যে উপরোক্ত প্রদত্ত নথিগুলির সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসের সঠিক।

আমার সদয় নিবেদন এই যে, লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমাদের সরঞ্জামগুলি নিবন্ধন করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম, সীল ও স্বাক্ষর)

তারিখ _____

ফরম ৩: পরীক্ষাগার তালিকাভুক্তির আবেদন পত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করা হবে)

চিঠি নং.....

তারিখ.....

বরাবর

চেয়ারম্যান

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

১০ম ও ১১তম তলা, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

বিষয়: গবেষণাগার নিবন্ধন

জনাব,

আমি/আমরাঠিকানায় অবস্থিত টেস্টিং ল্যাবরেটরীর পরিচালক। এ ল্যাবরেটরী থেকে নিম্নোক্ত সরঞ্জামাদীর জ্বালানি দক্ষতা লেবেলিং বিষয়ক পরীক্ষা এবং তদসংশ্লিষ্ট সনদপত্র সরবরাহের জন্য গবেষণাগারটি অনুমোদনের জন্য আবেদন করছি।

ক্রমিক নং	যন্ত্রপাতি বা সরঞ্জাম	মান অনুযায়ী পরীক্ষণ	এক্টিভেশন মেয়াদ উত্তীর্ণের তারিখ
১			
২			
৩			
৪			

আমাদের কাছে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত _____ যন্ত্রপাতি /সরঞ্জামের গাইডলাইন অনুসারে এর প্রাসঙ্গিক মান অনুযায়ী পরীক্ষণ সরঞ্জামাদিসহ প্রয়োজনীয় সুবিধাদি রয়েছে। এই আবেদনের সাথে পরীক্ষণ সরঞ্জামাদি ও সুবিধাদির বিস্তারিত বর্ণনা ও হালনাগাদ এক্টিভেশন সনদের কপি সংযুক্ত করে দেওয়া হয়েছে।

প্রয়োজনীয় পরীক্ষণ চালানোর জন্য আমাদের নিম্নে বর্ণিত দক্ষ ও প্রশিক্ষিত কারিগরী কর্মী বাহিনী রয়েছে।

ক্রমিক নং	কারিগরি জনবলের ধরণ	সংখ্যা	ন্যূনতম যোগ্যতা ও অভিজ্ঞতা

আমরা প্রয়োজনীয় ফি, সার্টিফিকেশন অনুলিপি(সমূহ) ও নিবন্ধন ফি জমা দিয়েছি (সংশ্লিষ্ট ব্যাংকের বিবরণ এবং ট্রান্সফার বিবরণ) ----- তারিখ ----- এর অনুলিপি সংযুক্ত আছে।

বিনীত নিবেদন এই যে, আমাদের পরীক্ষাগার তালিকাভুক্ত করুন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

অনুমোদিত)স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর(

ফরম ৪- অতিরিক্ত দলিলাদি জমা প্রদানের জন্য পত্র

ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত দলিলাদি জমা দানের আবেদনপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করা হবে)

চিঠি নং.....

তারিখ.....

বরাবর

সচিব

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

১০ম ও ১১তম তলা, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

বিষয়: কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অতিরিক্ত দলিলাদি

সূত্রঃ কর্তৃপক্ষের পত্র নং _____ তারিখ _____

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, আমি (প্রতিষ্ঠানের নাম) _____ এর পক্ষে কর্তৃপক্ষ কর্তৃক চাহিত নিম্নোক্ত অতিরিক্ত দলিলাদি পেশ করছি।

১। ব্যবসা প্রতিষ্ঠানের ধরন _____

২। যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম _____

৩। মডেল _____ (প্রযোজ্য ক্ষেত্রে)

সংযুক্ত দলিলাদির বিবরণ-

ক)

খ)

গ)

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে নিশ্চিত করছি যে, উপরে প্রদত্ত দলিলাদি/ তথ্যাদি/অনুলিপি যথার্থ ও সঠিক আছে।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর)

তারিখ -----

ফরম ৫- একই মডেল এর ঘোষণাপত্র

একই মডেল এর ঘোষণাপত্র (সংস্থার লেটার হেডে প্রিন্ট করা হবে)

চিঠি নং.....

তারিখ.....

বরাবর

সচিব

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

১০ম ও ১১তম তলা, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

বিষয়: মডেলের ঘোষণাপত্র

জনাব,

আমি/আমরা (প্রতিষ্ঠানের নাম) _____ এর পক্ষে এই মর্মে ঘোষণা করছি যে, আমাদের মূল মডেলের সাথে নিম্নে উল্লেখিত মডেলগুলি একই গোত্রভুক্ত এবং বেজ মডেলে টেস্ট রিপোর্ট এগুলোর জন্যও প্রযোজ্য।

নং	আবেদন ফরমে(ফরম ২) উল্লেখিত মডেল নম্বর	টেস্ট রিপোর্টে উল্লেখিত বেজ মডেল নম্বর	মডেলের বিস্তারিত বিবরণ
	[যে মডেল নিবন্ধনের জন্য আবেদন করা হয়েছে]	[বেজ মডেল নম্বর]	[এখানে প্রথমত কোনটি বেজ মডেল তার চিহ্নিতকরণ কারিগরি বৈশিষ্ট্য উল্লেখ করতে হবে, দ্বিতীয়ত একই রকম রেটিং, বাহ্যিক বৈশিষ্ট্য, আকার এর অন্য মডেলগুলোর ভিন্নতা বিস্তারিত উল্লেখ করতে হবে। তবে সকল ক্ষেত্রে জ্বালানি দক্ষতা প্যারামিটারগুলো একই রকম থাকবে]

আমি, অনুমোদিত স্বাক্ষরকারী হিসাবে নিশ্চিত করেছি যে উপরোক্ত প্রদত্ত নথিগুলির সমস্ত তথ্য এবং অনুলিপি আমার জ্ঞান এবং বিশ্বাসের সঠিক আছে।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

(অনুমোদিত স্বাক্ষরকারীর নাম ও স্বাক্ষর)

তারিখ -----

৩। কর্তৃপক্ষের সাথে প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):ঃ _____

৪। আমি/আমরা অনুমোদিত সংখ্যক লেবেলের জন্য সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুসারে লেবেলিং ফি প্রদান করব।

স্বাক্ষর

নাম:

পদবী:

পক্ষে.....

ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম ইত্যাদি

প্রতিষ্ঠানের সীল

ফরম ৭- পদক্ষেপ গ্রহণ প্রতিবেদন (প্রতিষ্ঠানের লেটার হেড এ প্রিন্ট হবে)

চিঠি নং.....

তারিখ.....

সচিব

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

স্রেডা সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ এর প্রবিধান ১৬ অনুসারে প্রণীত সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামের গাইডলাইন ও বিধি ১৭ অনুসারে নিবন্ধিত (নিবন্ধন নম্বর _____) আমি/আমরা _____ (ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম) _____ (যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম) এর মডেল নং.....এর জন্য জ্বালানি খরচ মানদণ্ড _____ (লেবেল) স্টার লেবেল কর্তৃপক্ষের পত্র নং _____ তারিখ _____ মোতাবেক লেবেল প্রদর্শনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

স্রেডা সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ এর প্রবিধান ৩০ অনুসারে কর্তৃপক্ষের নিকট হতে পত্র নং _____ তারিখ _____ মাধ্যমে প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য দিক নির্দেশনা পেয়েছি। কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে আমরা এখানে ঘোষণা দিচ্ছি যে নিম্নলিখিত পদক্ষেপগুলি আমাদের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে।

ক্রমিক নং	নির্দেশিত কার্যক্রম	গৃহীত কার্যক্রম	মন্তব্য
১	কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পণ্যের গায়ে স্টার লেবেল প্রদর্শিত হতে হবে।	হ্যাঁ/না/প্রযোজ্য নয়	সংশোধিত স্টার লেবেল.....থেকে স্টার লেবেল.....তে তারিখে কার্যকর হয়েছে
২	কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বাজার হতে সকল মজুদকৃত পণ্য তুলে নেওয়া এবং	হ্যাঁ/না/প্রযোজ্য নয়	বাজার হতে সকল মজুদকৃত পণ্য তুলে নেওয়া হয়েছে
৩	সংশ্লিষ্ট প্রদর্শন পদ্ধতি এবং বিজ্ঞাপনে পরিবর্তন	হ্যাঁ/না/প্রযোজ্য নয়	হ্যাঁ/না/প্রযোজ্য নয়

উপরোক্ত ঘোষণাটি আমাদের জ্ঞান এবং বিশ্বাসে সত্য।

স্বাক্ষর

নাম :

পদবী:

পক্ষে.....

ব্যবসায়ী প্রতিষ্ঠানের নাম ইত্যাদি

প্রতিষ্ঠানের সীল

তফসিল ২: ফিসমূহ
[প্রবিধি ১৭, প্রবিধি ১৯, প্রবিধি ২৩]

স্বেডা সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা- ২০২০ অধীন নির্ধারিত ফি সমূহ

১। ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধনের নিরাপত্তা জামানত:

আবেদনকারী নিবন্ধনের জন্য ৫০,০০০ টাকা নিরাপত্তা জামানত ডিমাল্ড ড্রাফট/ পে অর্ডার/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে "টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ" বরাবর প্রদান করবে। তবে শর্ত থাকে যে এই প্রবিধানমালা জারীর পাঁচ বছরের মধ্যে যথাযথ প্রমাণক দাখিল সাপেক্ষে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) হিসেবে নিবন্ধিত প্রতিষ্ঠানের জন্য নিরাপত্তা জামানত ২৫০০০ টাকা প্রদেয় হবে। নিরাপত্তা জামানত সময়ে সময়ে কারিগরি কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃ নির্ধারিত হবে।

২। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির মডেল প্রতি নিবন্ধন ফি:

নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান যাচিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংশ্লিষ্ট প্রতিটি আলাদা মডেল নিবন্ধনের জন্য নিবন্ধন ফি বাবদ ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) (অফেরতযোগ্য) "টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ" বরাবর ডিমাল্ড ড্রাফট/ পে অর্ডার/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদান করবে। নিবন্ধন ফি সময়ে সময়ে কারিগরি কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃ নির্ধারিত হবে

৩। ল্যাবরেটরী নিবন্ধনের জন্য ফি:

সংশ্লিষ্ট আগ্রহী ল্যাবরেটরী কর্তৃপক্ষের নিকট অনুমোদিত ল্যাবরেটরী হিসেবে নিবন্ধনের জন্য নিবন্ধন ফি বাবদ ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) (অফেরতযোগ্য) "টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ" বরাবর ডিমাল্ড ড্রাফট/ পে অর্ডার/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদান করবে। নিবন্ধন ফি সময়ে সময়ে কারিগরি কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃ নির্ধারিত হবে

৪। নিবন্ধন নবায়ন ফিঃ

ক) ব্যবসায়ী প্রতিষ্ঠান নিবন্ধন নবায়ন

নিবন্ধন নবায়ন ফি হিসেবে ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) (অফেরতযোগ্য) ডিমাল্ড ড্রাফট/ পে অর্ডার/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে "টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ" বরাবর প্রদান করবে।

খ) মডেল প্রতি নিবন্ধন নবায়ন

নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান যাচিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংশ্লিষ্ট প্রতিটি আলাদা মডেল নিবন্ধন নবায়নের জন্য নবায়ন ফি বাবদ ৫০০০ টাকা (পাঁচ হাজার টাকা) (অফেরতযোগ্য) "টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ" বরাবর ডিমাল্ড ড্রাফট/ পে অর্ডার/ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে জমা প্রদান করবে। নবায়ন ফি সময়ে সময়ে কারিগরি কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃ নির্ধারিত হবে

তফসিল ৩: চুক্তি

[প্রবিধি ১৭]

যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল স্থাপন সংক্রান্ত চুক্তির ফরমেট (নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে মাধ্যমে কার্যকর করা হবে)

বাংলাদেশ সরকারের অধীন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), _____ (ঠিকানা) ও ব্যবসায়ী প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত _____ (প্রতিষ্ঠানের নাম) _____ (ঠিকানা) এর মধ্যকার চুক্তি

যেহেতু টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন- ২০১২ এর আওতায় গঠিত কর্তৃপক্ষ জ্বালানি দক্ষতা উন্নয়নে সরঞ্জাম ও যন্ত্রপাতি প্রমিতকরণ এবং লেবেলিং প্রবিধানমালা-২০২০ (গেজেট নং _____ তারিখ _____) (যা পরবর্তীতে প্রবিধান হিসেবে অবহিত) মোতাবেক লেবেলিং কর্মসূচি চালু করেছে।

এবং যেহেতু _____ (আবেদনকারীর প্রতিষ্ঠান) _____ (ব্র্যান্ড(সমূহ)) এর _____ (যন্ত্রপাতি বা সরঞ্জামাদি) এ লেবেল প্রদর্শনের নিমিত্তে লেবেলিং কর্মসূচিতে অংশগ্রহণ করতে চায় (পরবর্তীতে লেবেলগ্রহীতা হিসেবে অবহিত)। ;

এক্ষণে, পক্ষসমূহ নিম্নোক্ত বিষয়সমূহে সম্মত হয়:

(১) উদ্দেশ্য

এই চুক্তির উদ্দেশ্য হল প্রবিধান অনুযায়ী বিভিন্ন সরঞ্জামের জ্বালানি দক্ষতার ক্রমাগত উন্নয়নের লক্ষ্যে উভয় পক্ষই একত্র হয়ে কাজ করার বিষয়টি নিশ্চিত করা এবং লেবেলগ্রহীতার নামে এই উদ্দেশ্যে পূরণকল্পে লেবেল প্রদান করা

(২) সূচনা ও সময়কাল

এই চুক্তি স্বাক্ষরের দিন হতে ৩ (তিন) বছরের জন্য বৈধ হবে অথবা প্রবিধান ১৭(২)(ক)(২) এর বর্ণনামতে পরিবর্তিত হবে।

(৩) আবেদনকারী কর্তৃক ঘোষণা

লেবেলগ্রহীতা নিশ্চিত করেছে যে, এই চুক্তির আওতাভুক্ত এবং প্রবিধান ও সংশ্লিষ্ট লেবেলিং গাইডলাইন অনুসারে প্রয়োজনীয় সমস্ত বাধ্যবাধকতা মেনে চলবে এবং যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে সংযুক্ত লেবেল সংখ্যা কর্তৃপক্ষের ইলেক্ট্রনিক রেজিস্ট্রারে স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হতে থাকবে।

(৪) যন্ত্রপাতি বা সরঞ্জামের জন্য মডেল প্রতি লেবেল সংখ্যা

লেবেলগ্রহীতা প্রতি পঞ্জিকা বর্ষের শুরুতে, মডেল প্রতি চাহিত লেবেলের পরিমাণ উল্লেখপূর্বক প্রবিধানের তফসিল ১ এর ফরম-৬ অনুসারে আবেদন করবে।

(৫) লেবেল ব্যবহারের জন্য অনুমোদন

কর্তৃপক্ষ আবেদনকারীকে সংশ্লিষ্ট যন্ত্রপাতির লেবেলিং গাইডলাইন অনুসারে লেবেল প্রদর্শনের অনুমোদন দেবে। আবেদনকারী লেবেলিং গাইডলাইন সংশোধনের প্রস্তাব করতে চাইলে কারণসমূহ বর্ণনাপূর্বক কর্তৃপক্ষের কাছে লেবেলিং পোর্টালের মাধ্যমে আবেদন করতে পারবে। কর্তৃপক্ষ এই আবেদন আমলে নিবে এবং এর যথার্থতা বিবেচনাপূর্বক সম্পূর্ণ/আংশিক সংশোধনের উদ্যোগ গ্রহণ করবে।

(৬) চুক্তির সংশোধনী

উভয় পক্ষের সম্মতির ভিত্তিতে লেবেলিং কর্মসূচির উদ্দেশ্যে পূরণে চুক্তির কার্যকারিতা বৃদ্ধির জন্য কর্তৃপক্ষ প্রয়োজনীয় যে কোন সংশোধনী আনতে পারবে। এ জাতীয় সকল সংশোধনী পর্যায়ক্রমে মূল চুক্তির সাথে সংযুক্ত থাকবে।

(৭) ফি

আবেদনকারী কর্তৃপক্ষ এবং সরকারের বিজ্ঞপ্তি অনুসারে সময়ে সময়ে প্রযোজ্য লেবেলিং ফি, নিবন্ধন ও নবায়ন ফি প্রদানে সম্মত থাকবে।

(৮) যোগাযোগ

উভয় পক্ষই ইলেক্ট্রনিক মাধ্যমে যোগাযোগ এবং সমস্যাগুলি সমাধান করতে সম্মত থাকবে। এক্ষেত্রে কোনো বিরোধ সৃষ্টি হলে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৯) পরীক্ষাগার

লেবেলগ্রহীতা পণ্যের জ্বালানি দক্ষতা সংক্রান্ত পরীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট পরীক্ষাগার কর্তৃক কর্তৃপক্ষের লেবেলিং ওয়েব পোর্টালে আপলোড করা নিশ্চিত করবে। কর্তৃপক্ষ পরীক্ষাগার তালিকাভুক্ত করবে এবং লেবেলিং ওয়েবপোর্টালে আপলোড করার জন্য তালিকাভুক্ত পরীক্ষাগারকে ইউজার নেম ও পাসওয়ার্ড সরবরাহ করবে।

(১০) যন্ত্রপাতি বা সরঞ্জামের উৎপাদন/আমদানি/ সংযোজন

মডেল নিবন্ধন বা লেবেল গ্রহণের অনধিক ৬ মাসের মধ্যে লেবেলগ্রহীতা সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদিতে লেবেল সংযোজনপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করবে।

যোগাযোগের ঠিকানাসমূহ:

কর্তৃপক্ষ:

ডাক:

ইলেক্ট্রনিক:

আবেদনকারী:

ডাক:

ইলেক্ট্রনিক:

সাক্ষীগণের উপস্থিতিতে এই চুক্তিতে স্বাক্ষরিত হলো।

(কর্তৃপক্ষ)

নাম ও স্বাক্ষর (অনুমোদিত স্বাক্ষরকারী)

স্বাক্ষরকারী)

(স্বাক্ষরের তারিখ)

(আবেদনকারীর প্রতিষ্ঠানের নাম)

নাম ও স্বাক্ষর (অনুমোদিত

স্বাক্ষী:১.

স্বাক্ষী:২.

স্বাক্ষী:১.

স্বাক্ষী:২.

তফসিল ৪: সময়সীমা

[প্রবিধি ১৭]

টেবিল ১: ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ সময়সীমা

ক্রমিক নং	কার্যক্রম	সময়সীমা (কার্য দিবস)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিসংস্থা/
১.	ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক অনলাইন আবেদনপত্র দাখিল	-	আবেদনকারী
২.	কর্তৃপক্ষের নিকট আবেদনের হার্ডকপি এবং ডিম্যান্ড ড্রাফট (ডিডি)/পেমেন্ট প্রাপ্তি স্বীকার দাখিল (অনলাইনে ফি প্রদানের ক্ষেত্রে)	আবেদন দাখিলের দিন হতে ১৫ দিন	আবেদনকারী
৩.	ডিডি/পে অর্ডার ব্যতীত সকল নথিপত্র কর্তৃপক্ষ কর্তৃক যাচাই	হার্ডকপি প্রাপ্তির পরবর্তী ৩ ৪- দিন	কর্তৃপক্ষ
৪.	অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনের ক্ষেত্রে ফেরত প্রদান	যাচাই পরবর্তী ৩ দিন ৪-	কর্তৃপক্ষ
৫.	ফি/নিরাপত্তা জামানত প্রদানের ভেরিফিকেশন	হার্ডকপি প্রাপ্তির ৩দিন ৪-	কর্তৃপক্ষ
৬.	কর্তৃপক্ষের হিসাব বিভাগে ডিডি/পে অর্ডার দাখিল (অনলাইন পেমেন্ট ব্যতীত)	হার্ডকপি প্রাপ্তির ৩দিন ৪-	কর্তৃপক্ষ
৭.	প্রযোজ্য ক্ষেত্রে মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আবেদন যাচাই	হার্ডকপি প্রাপ্তির ৩দিন ৪-	কর্তৃপক্ষ
৮.	আবেদনকারী কর্তৃক হালনাগাদ/সংশোধিত আবেদন/অতিরিক্ত দলিলাদি(প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল	কর্তৃপক্ষ কর্তৃক ক্রমিক নং ৪ অনুযায়ী আবেদন ফেরত প্রদানের পর ৩০ দিন	আবেদনকারী
৯.	কর্তৃপক্ষ মনোনীত প্রতিনিধি বরাবর হালনাগাদ নথিপত্র দাখিল (প্রযোজ্য ক্ষেত্রে)	হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হতে ৩দিন ৪-	কর্তৃপক্ষ
১০.	হালনাগাদকৃত নথিপত্র যাচাই	হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হতে ৩দিন ৪-	কর্তৃপক্ষতার মনোনীত / প্রতিনিধি
১১.	ইউজার আইডি ও পাসওয়ার্ড বরাদ্দ করা	ক্রমিক ১০ অনুযায়ী যাচাই শেষ হওয়ার ১দিন ২-	কর্তৃপক্ষতার মনোনীত / প্রতিনিধি

টেবিল ২: মডেল নিবন্ধন আবেদন প্রক্রিয়াকরণ সময়সীমা

ক্রমিক নং	কার্যক্রম	সময়সীমা (কার্য দিবস)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/সংস্থা
১.	অনলাইন আবেদনপত্র দাখিল	-	নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান
২.	কর্তৃপক্ষের নিকট আবেদনের হার্ডকপি এবং ডিম্যান্ড ড্রাফট (ডিডি)/পেয়েমেন্ট প্রাপ্তি স্বীকার দাখিল যদি অনলাইনে ফি প্রদান করা হয়	আবেদন দাখিলের দিন হতে ১৫ দিন	নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান
৩.	ডিডি/পে অর্ডার ব্যতীত সকল নথিপত্র কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধি প্রতিষ্ঠান বরাবর দাখিল	হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন	কর্তৃপক্ষ
৪.	অসম্পূর্ণতা বা কোনও ত্রুটির ক্ষেত্রে আবেদন ফেরত	হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন	কর্তৃপক্ষ
৫.	ফি প্রদানের ভেরিফিকেশন	হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন	কর্তৃপক্ষ
৬.	কর্তৃপক্ষের হিসাব বিভাগে ডিডি/পে অর্ডার দাখিল (অনলাইন পেয়েমেন্ট ব্যতীত)	হার্ডকপি প্রাপ্তির ৩-৪ দিন	কর্তৃপক্ষ
৭.	আবেদন যাচাই	হার্ডকপি প্রাপ্তির ২০-২৫ দিন	কর্তৃপক্ষ
৮.	আবেদনকারী কর্তৃক হালনাগাদ/সংশোধিত আবেদন দাখিল	কর্তৃপক্ষ কর্তৃক ৪ নম্বর সারি অনুযায়ী আবেদন ফেরত প্রদানের পর ৬০ দিন	নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠান
৯.	কর্তৃপক্ষ মনোনীত প্রতিনিধি বরাবর হালনাগাদ নথিপত্র দাখিল (প্রয়োজ্য ক্ষেত্রে)	হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হতে ১-২ দিন	কর্তৃপক্ষ
১০.	হালনাগাদকৃত নথিপত্র যাচাই	হালনাগাদ নথিপত্র প্রাপ্তির দিন হতে ১৫ দিন	কর্তৃপক্ষ/ তার মনোনীত প্রতিনিধি
১১.	অনুমোদন/বাতিল	আইএএমই কর্তৃক যাচাই শেষ হওয়ার ২-৩ দিন	কর্তৃপক্ষ/ তার মনোনীত প্রতিনিধি

তফসিল-৫- কারিগরি কমিটির গঠন
[প্রবিধি-৩৫]

কারিগরি কমিটি নিম্নে বর্ণিত সদস্যদের নিয়ে গঠিত হতে পারে-

- (১) কর্তৃপক্ষের প্রতিনিধি (সদস্য পর্যায়ের নিচে নয়)- সভাপতি
- (২) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অন্যান্য ৩ (তিন) জন প্রতিনিধি (অধ্যাপক পর্যায়ের নিচে নয়) - সদস্য
- (৩) বিএসটিআই প্রতিনিধি (উপ- পরিচালক পর্যায়ের নিচে নয়) – সদস্য
- (৪) বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড (উপ- পরিচালক পর্যায়ের নিচে নয়) - সদস্য
- (৫) কঞ্জুমার এসোসিয়েশন এর প্রতিনিধি- সদস্য
- (৬) এসএমই ফাউন্ডেশন এর প্রতিনিধি- সদস্য
- (৭) সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি- আমন্ত্রিত সদস্য
- (৮) বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পর্যায়ের নিচে নয়) - সদস্য
- (৯) বানিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পর্যায়ের নিচে নয়) -সদস্য
- (১০) শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারী শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধি) -সদস্য
- (১১) কর্তৃপক্ষের সংশ্লিষ্ট উইং এর প্রতিনিধি - সদস্য- সচিব